# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১৯৬. এক জায়গায় নারী-পুরুষের একাধিক লাশ এসে গেলে কিভাবে জানাযা পড়বে? লাশ কিভাবে রাখবে?

সকল লাশ একত্র করে জানাযা একবারই পড়বে। পুরুষের লাশ থাকবে ইমামের কাছাকাছি অর্থাৎ ইমামের একদম সামনে। আর নারীদের লাশ থাকবে এরপরে। অর্থাৎ আরেকটু দূরে কিবলার দিকে। ছেলে শিশু থাকলে তা থাকবে পুরুষদের পর, নারীদের পূর্বে। রাসূল (সা.)-এর যামানায় একবার নয়জনের একটি জানাযা এক সঙ্গে দিয়েছিলেন। সে জানাযায় হাজির ছিলেন সাহাবী ইবনে আব্বাস, আবু হোরায়রা, আবু সাঈদ এবং আবু কাতাদাহ (রা.)। তারা বলেছিলেন, যেভাবে করা হয়েছে এ পদ্ধতিই সঠিক। (নাসাঈ: ১৯৫২, মুসান্নাফে আঃ রায্যাক- ৩/৪৬৫) আবার পৃথক পৃথকভাবেও পড়া যায়। উহুদ যুদ্ধের দিন শহীদদের জানাযা রাসূলুল্লাহ (সা.) পৃথক পৃথকভাবে পড়েছিলেন। প্রতিবারই অন্য শহীদদের সাথে হামযা (রা.)-র জানাযা মিলিয়ে পড়ার কারণে উনার জানাযা হয়েছিল মোট ৭২ বার। সেদিন তিনি নয় তাকবীরে জানাযা পড়ছিলেন। (তাবরানী কাবীর- ৩/১০৭-১০৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন